

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১২, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-৩ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ, ৯ জুন, ২০০২/২৬ জ্যৈষ্ঠ, ১৪০৯

এস, আর, ও নং ১৪২-আইন/২০০২—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস, আর, ও-৪২-আইন/২০০২, তারিখ-৫ মার্চ, ২০০২ ইং মোতাবেক ২১ ফাল্গুন, ১৪০৮ বাং দ্বারা নিম্নতফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978 অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জন্য বগুড়া জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীন উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(২৮২১)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ৬ আষাঢ়, ১৪০৯ বাংলা মোতাবেক ২০ জুন, ২০০২ ইংরেজী তারিখ হইতে মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি শিবগঞ্জ মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	বিহার	বানাইল	১৫৩	১-২৬৭০
২	বিহার	নাটমনিচাই (আংশিক)	৭২	১-২৫১৯
৩	বিহার	বনতেঘরী	২২৪	১-১৯৬৭
৪	বিহার	দহিলা	১৫২	১-১১৮১
৫	বিহার	তেঘরী সুলতানপুর	২২৫	১-১৯৫৫
৬	বিহার	সবদলদিঘী	২২৭	১-১৭১৯
৭	শিবগঞ্জ	চাঁদনীয়া শিবগঞ্জ (আংশিক)	১৫৪	২১১-২১৫, ২৮১-২৮৯
৮	মোকামতলা	বেড়াবালা	১৫৫	১-৫৮৪৩
৯	রায়নগর	তেঘরী	২২৩	১-২৮০২
১০	রায়নগর	কলুমগাড়া	২২৬	১-৪৬৯
১১	রায়নগর	আঁচলাই (আংশিক)	২১৪	১-৩০০

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রুহুল আমিন সরকার
উপ-সচিব (পৌর)।

মোঃ সারোয়ারুজ্জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।